

যুগান্তর

প্রিন্ট: ২৩ এপ্রিল ২০২৬, ০৯:৪৮ এএম

সারাদেশ

২০২৫ সালের প্রশ্নে এসএসসি পরীক্ষা, ১১ শিক্ষককে অব্যাহতি

Advertisement



যুগান্তর প্রতিবেদন, সোনারগাঁ (নারায়ণগঞ্জ)

প্রকাশ: ২২ এপ্রিল ২০২৬, ০৯:৪৪ পিএম



ফাইল ছবি।

নারায়ণগঞ্জের সোনারগাঁয়ের কাঁচপুর ওমর আলী উচ্চ বিদ্যালয় কেন্দ্রে এসএসসি পরীক্ষায় ২০২৫ সালের প্রশ্নে ১৭৭ জন নিয়মিত শিক্ষার্থীর পরীক্ষা গ্রহণের অভিযোগে ১১ শিক্ষককে এসএসসি পরীক্ষার সব কার্যক্রম থেকে অব্যাহতি দেওয়া হয়েছে।

বুধবার (২২ এপ্রিল) ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান ড. খন্দোকার এহসানুল কবির স্বাক্ষরিত এক চিঠিতে এ সুপারিশ করা হয়।

অভিযোগ রয়েছে, ২০২৬ সালের পরিবর্তে ২০২৫ সালের পুরাতন প্রশ্নপত্রে ১৭৭ জন শিক্ষার্থীর পরীক্ষা নেওয়া হয়। বিষয়টি জানাজানি হলে উপজেলা নির্বাহী কর্মকর্তা আসিফ আল জিনাত দ্রুত এ বিষয়ে পদক্ষেপ নেন।

পরে ১২৫ মিনিট পর নতুন সিলেবাস অনুযায়ী পুনরায় পরীক্ষা নেওয়া হয়। এতে ক্ষতি পুষিয়ে নিতে অতিরিক্ত ১ ঘণ্টা ৪০ মিনিট সময়ও দেওয়া হয়।

ঘটনার পরপরই কেন্দ্র সচিব আব্দুল মতিন সরকারকে দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়া হয়। পরবর্তীতে বুধবার ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক এস এম কামাল উদ্দিন বাহার স্বাক্ষরিত এক অফিস আদেশে কেন্দ্রের ১১ জন কক্ষ পরিদর্শককে এসএসসি পরীক্ষার সব দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়া হয়।

পুলিশের ৫ সদস্যকে আহত করে পালানো সেই আ.লীগ নেতা গ্রেফতার

অব্যাহতি পাওয়া শিক্ষকদের মধ্যে রয়েছেন শিউলী আক্তার, ফারজানা হোসেন স্বপ্না, মনোয়ারা বেগম, রওনক আরা বেগম, আনিসুর রহমান, ছানোয়ার বেগম, আব্দুল হামিদ, সুমাইয়া আক্তার, মোশারফ হোসেন, বদরুন নাহার ইভা ও মনিরুজ্জামান।

সোনারগাঁ উপজেলা নির্বাহী অফিসার আসিফ আল জিনাত বলেন, দায়িত্ব অবহেলার কারণে ১১ শিক্ষককে এসএসসি পরীক্ষার সব কার্যক্রম থেকে অব্যাহতি দেওয়া হয়েছে।